প্রথম আলো

পত্রিকা: 16 AUG 2009
পৃষ্ঠা: ৭ কলাম: ৪

# পাঠ্যবইয়ে ইতিহাস বিকৃতির সঙ্গে জড়িতদের শাস্তি দাবি

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান গতকাল শনিবার জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করেছে। এসব কর্মসূচিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার রায় অবিলম্বে কার্যকর করার দাবি জানানো হয়। একই সঙ্গে বক্তারা পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতির সঙ্গে জড়িতদের শাস্তির দাবি করেন।

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, কালো পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন নিয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

ইডেন কলেজে আলোচনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম, সাংসদ মোস্তফা জালাল মহিউদ্দিন, শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমান, কলেজের অধ্যক্ষ মাহফুজা চৌধুরী প্রমুখ বক্তৃতা দেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) দিবসটি উপলক্ষে স্মরণসভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম।

বখশীবাজারের সরকারি মাদরাসা-ই-আলিয়া শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন মাদ্রাসার অধ্যক্ষ এ কে এম ইয়াকুব হোসাইন। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মাইন উদ্দিন খন্দকার এবং কে এম মোজাম্মেল হক, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মাওলানা মো. সালাহ উদ্দিন, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. ইউসুফ, মাদ্রাসার উপাধ্যক্ষ মো. আলমগীর রহমান প্রমুখ বক্তব্য দেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শরীফ এনামুল হক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী শহীদুল্লাহ এবং শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শাহ-ই-আলমের নেতৃত্বে এই তিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা ধানমন্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

ঢাকা শিক্ষা বোর্ডে বঙ্গবন্ধুর জীবনীর ওপর আলোচনা সভায় সভাপতিত্ব করেন বোর্ডের চেয়ারম্যান ফাহিমা খাতুন।

বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো. সামসুল হক ও সাধারণ সম্পাদক মো. ইনছান আলীর নেতৃত্বে শিক্ষকেরা ধানমন্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরামের উদ্যোগে শান্তিনগর এলাকায় দোয়া মাহফিল হয়। এতে সভাপতিত্ব করেন ফোরামের নেতা জিয়াউল কবির।

এ ছাড়া বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয়, খিলগাঁও মডেল কলেজ, লালবাগের রহমতুল্লাহ মডেল হাইস্কুল, উত্তরার ঢাকা উইমেন কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয় শোক দিবস উপলক্ষে কর্মসূচি পালন করে।